# আমি পৃথিবীর ছেলে

আহমেদ সাবের

জন্ম আমার লোহিত সাগরে, প্রভাতে ছিলাম অ্যাপোলোর ঘরে,
দুপুরের রোদে, হেটে চলি আমি, মরুভুমি সাহারায়।
আমি পৃথিবীর ছেলে, পৃথিবীতে চলি, পৃথিবীর ধুলো গায়।

বিকেল বেলায় আইফেল হয়ে, রংধনু বেয়ে পৌঁছি হিমালয়ে,
সন্ধ্যায় ভিড়ি গঙ্গার তীরে, ধীরে ধীরে মৃদু পায়।
রাত্রি নিশীথে যাই ব্যাবিলনে। আসর বসাই তারাদের সনে,
পিরামিড মুলে ধুসর বালুতে, নাইলের মোহনায়।

কখনোবা উঠি চীনের প্রাচীরে, গ্রান্ড ক্যানিয়নে যাই ঘুরে ফিরে,
মাঝ খানে থামি সুন্দর বনে, শ্যামলের বন ছায়।
জলের প্রপাতে ভাসায়ে নিজেরে, বন্দরে হাটে, জনতার ভিড়ে -
অবশেষে থামি, পাখীদের নীড়ে, সাগরের কিনারায়।

তীর্থে তীর্থে চলেছি ভ্রমনে, বোধি বৃক্ষটি কভু পড়ে মনে।
ভ্যাটিকান ঘুরে, আরবেও যাই, যদি মোর মন চায়।
একই পিতার সন্তান সবে - এত রেষারেশী রয় কেন তবে,
ভাইয়ের রক্ত ভাই কেন নেয়, স্রষ্টার অছিলায়?

মানব দুঃখে দুঃখ আমার - তুলে নিতে চাই, তাহাদের ভার।
যদি মন চায়, চিঠি লেখো মোরে পৃথিবীর ঠিকানায়।
আমি পৃথিবীর ছেলে, পৃথিবীতে চলি, পৃথিবীর ধুলো গায়।

*Sydney September 9, 2009*